# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ নাবী (সাঃ)-এর পরিবার (الْبَيْتُ النَّبَوِيْ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

৬. উম্মু সালামাহ হিন্দ বিনতে আবি উমাইয়া (রাঃ) (أُمُّ سَلَمَةَ هِنْد بِنْتُ أَبِيْ أُمَيَّةَ):

এ মহিলা আবূ সালামাহ (রাঃ)-এর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধা ছিলেন। আর সেখানে তার সন্তান-সন্ততি চিল। চতুর্থ হিজরীর জুমাদাল আখেরাহ মাসে আবূ সালামাহ মৃত্যুবরণ করলে সে বছরেই রাসূলুল্লাহ (ﷺ) তাঁর সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন শাওয়াল মাসে। বিবিগণের মধ্যে তিনি ছিলেন সবচেয়ে বেশী পান্ডিত্যের অধিকারী এবং বুদ্ধিমতী। ৫৯ হিজরী সনে, অন্যমতে ৬২ হিজরীতে মৃত্যুবরণ করেন। জান্নাতুল বাক্বী'তে দাফন করা হয়। মৃত্যুকালে তাঁর বয়স চিল ৮৪ বছর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন